বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ২২ -এ তারিখ: ০৬ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: নিরাপত্তাজনিত কারণে সুপ্রীম কোর্ট ভবনে বিচারপ্রার্থী কিংবা অপ্রত্যাশিত যেকোনো ব্যক্তির প্রবেশাধিকার সীমিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতি ও দৃষ্টিগোচর করানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট দেশের বিচার অঙ্গনের সর্বোচ্চ স্থান এবং গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে বিবেচিত। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় এবং সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিভিন্ন ভবনের কোর্ট রুমে বিচার কার্য পরিচালনা করে থাকেন। ফলে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়, সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ, মামলা পরিচালনায় নিযুক্তীয় আইনজীবীসহ গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে সুপ্রীম কোর্টের নিরাপত্তা নিশ্চিতকরণ জরুরি।

২। অত্র কোর্টে আগত অপ্রত্যাশিত ব্যক্তিবর্গ সুপ্রীম কোর্টের ভবন, বারান্দা ও কোর্ট রুমে প্রবেশ করছেন যা আদালতের নিরাপত্তা, শান্তিপূর্ণ পরিবেশ এবং বিচারকার্য পরিচালনায় প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। এতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ, বিজ্ঞ আইনজীবী এবং কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে।

৩। এমতাবস্থায়, সুপ্রীম কোর্টের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে সুপ্রীম কোর্টের বিভিন্ন ভবনে বিজ্ঞ আইনজীবী, আইনজীবী সহকারী এবং সংশ্লিষ্ট মামলার হলফকারী ব্যতীত অপ্রত্যাশিত যেকোনো ব্যক্তির প্রবেশাধিকার সীমিত করা হলো। এ আদেশ ২১/০১/২০২৬ খ্রি. তারিখ বুধবার থেকে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,

**স্বাক্ষরিত**

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫।

ই-মেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ৬১৫ (৭) -এ তারিখ: ০৬ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২০ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার)/স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা।
৪. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা (বিজ্ঞ আইনজীবীদের অবহিতকরণের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার ............................................ (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. ডেপুটি রেজিস্ট্রার .................................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. উপ-পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি ডিভিশন, সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (আদেশ কার্যকর করার জন্য ভবনের গেইটে পর্যাপ্ত সংখ্যক পুলিশ মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
৮. অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
৯. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (ভবনের গেইটসমূহে প্রয়োজনীয় নিরাপত্তাকর্মী/দারোয়ান মোতায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১১. সহকারী রেজিস্ট্রার .................................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. ব্যক্তিগত কর্মকর্তা-টু মাননীয় বিচারপতি ............................................ মহোদয়, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধসহ)।
১৩. অফিসার ইনচার্জ, শাহবাগ থানা, ঢাকা।
১৪. অফিসার ইনচার্জ, রমনা থানা, ঢাকা
১৫. চীফ রিপোর্টার (বার্তা) এ.টি.এন বাংলা/চ্যানেল আই/এন.টি.ভি।
১৬. বার্তা সম্পাদক, বাসস/এনা/দৈনিক ইত্তেফাক/দৈনিক জনকণ্ঠ/দৈনিক সংবাদ/দৈনিক ইনকিলাব/দৈনিক অবজারভার/দৈনিক যুগান্তর।

২০/০১/২৬

(মোঃ মেসবাহ্ উদ্দিন খান)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) (ভারপ্রাপ্ত)